



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২, ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ

ফোনঃ ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)

E-mail : chairmanbisemym@gmail.com,

www.mymensingheducationboard.gov.bd

নং- মশিবো/ময়মন/বিদ্যা/২০১৯/২২৬৪

তারিখঃ ১৬/০২/২০২০

প্রেরকঃ বিদ্যালয় পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

বিষয়ঃ অভিযুক্ত সাবেক ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক এ.কে.এম জহিরুল ইসলাম-কে স্ব-পদে পুনঃবহাল করতঃ বিধি মোতাবেক তাঁকে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ অভিযুক্ত সাবেক ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ও সহঃ প্রধান শিক্ষকের ২৯/১২/২০১৯ এবং ১৯/০১/২০২০ তারিখের আবেদন।

উর্পযুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলাধীন “আঠারবাড়ী এম.সি. উচ্চ বিদ্যালয়ের সাবেক ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ও সহঃ প্রধান শিক্ষক এ.কে.এম জহিরুল ইসলামের আবেদনের প্রেক্ষিতে জানা যায় যে তার উপর আনীত অভিযোগটি ইতোমধ্যে দু’দুইবার সরকারী ভাবে তদন্ত করা হয়। তদন্ত প্রতিবেদন অভিযুক্ত শিক্ষককে দোষী সাব্যস্ত করা হয়নি। তদন্ত প্রতিবেদন বিশ্লেষণে দেখা যায় - অভিযুক্ত শিক্ষক যুক্তিসঙ্গতভাবে অর্থ আত্মসাতকারী বা দুর্নীতি পরায়ন বলে বিবেচিত হন নাই।

ইতোমধ্যে সাবেক ভারপ্রাপ্ত অভিযুক্ত সহঃ প্রধান শিক্ষকে সাময়িক বরখাস্তের ৬০ দিন পূর্ণ হয়েছে, SMC দাবীকৃত সর্বশেষ সরকারী তদন্ত প্রতিবেদন প্রকাশেরও ৬০ দিনপূর্ণ হয়েছে, অথচ SMC তাঁর কোনরূপ প্রতিবিধান করেনি। অভিযুক্ত শিক্ষককে একই কারণে সর্বপ্রথম শোকজ করা হয় ২৭.১২.২০১৫ তারিখে, সাময়িক বরখাস্ত করা হয় ২২.০৭.২০১৯ তারিখে। কালক্ষেপনের এ দীর্ঘ সময় বিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম বিঘ্নিত হচ্ছে যথা কাল্পিত নয়।

এমতাবস্থায় সাবেক ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ও সহঃ প্রধান শিক্ষক এ.কে.এম জহিরুল ইসলামের বিরুদ্ধে আনীত অভিযোগটি চূড়ান্তভাবে প্রমানিত না হওয়ায় বিধি মোতাবেক তার সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করে বরখাস্তকালীন সময় তার কর্মকাল হিসাবে গণ্য করতঃ তাকে তার স্ব-পদে পুনঃবহাল করে এবং ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব দিয়ে বিদ্যালয়ের সার্বিক কার্যক্রম পরিচালনার জন্য নির্দেশ প্রদান করা হলো।

উল্লেখ্য যে, নির্দেশনা মতে আগামী ০৭ কর্ম দিবসের মধ্যে ব্যবস্থা গ্রহণ করা না হলে শিক্ষা বোর্ড অত্র বিদ্যালয়ের SMC এর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করবে।

প্রাপকঃ সভাপতি
বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি
আঠারবাড়ী এম.সি উচ্চ বিদ্যালয়
(EIIN-111777)
ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে
স্বঃ


(ড. মোঃ দিদারুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

মমো নং-২২৬৪(৬)

তারিখঃ ১৬/০২/২০২০

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
২. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
(পত্রাদেশ বাস্তবায়ন নিশ্চিত করনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)
৪. প্রধান শিক্ষক(ভারপ্রাপ্ত), আঠারবাড়ী এম.সি উচ্চ বিদ্যালয়, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
৫. সহকারী প্রধান শিক্ষক, আঠারবাড়ী এম.সি উচ্চ বিদ্যালয়, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
৬. অফিস কপি।


13.02.2020
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।